

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২০২) বিদআতে গাইরে মুকাফফেরা বা যেসমস্ত বিদআত মানুষকে কাফেরে পরিণত করে না সেগুলো কি

উত্তরঃ যেসমস্ত বিদআত আল্লাহর কিতাবকে মিথ্যা প্রতিপন্ন করে না কিংবা রাসূলগণের মাধ্যমে প্রেরিত দ্বীনকে অস্বীকার করে না, সেগুলোই গাইরে মুকাফফেরা। যেমন মারওয়ানী বিদআত। সম্মানিত সাহাবীগণ উমাইয়াা খলীফা মারয়াওন ও তার অনুসারীদের প্রতিবাদ করেছেন। তাদের বিদআতকে সমর্থন করেননি। তবে তাদের কাউকে কাফের বলেন নি। মারওয়ানীদের বিদআতের মধ্যে অন্যতম হচ্ছে কতিপয় নামায বিলম্বে আদায় করা, ঈদের নামাযের পূর্বে খুৎবা চালু করা, জুমআ অথবা অন্যান্য খুৎবার মাঝখানে বসে পড়া, মিম্বারের উপর দাঁড়িয়ে বড় বড় সাহাবীদেরকে গালি দেয়া ইত্যাদি। এসমস্ত বিদআত শরীয়ত বিরোধী খারাপ আকীদার কারণে ছিল না। বরং তা ছিল তা'বীল বা দ্বীনের অপব্যাব্যাখ্যা, সংসয়-সন্দেহ, প্রবৃত্তির অনুসরণ ও রাজনৈতিক কারণে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12016

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন